



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ।

অর্থ ও হিসাব দপ্তর

স্মারক নং : জাতীঃ বিঃ/হি-৬(২১)/২০০২/৭৭৫

তারিখ : ০৯/০৩/২০২১ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল সম্মানিত শিক্ষকগণকে জানানো যাচ্ছে যে, বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষার কাজের সাথে সম্পৃক্ত পরীক্ষক/শিক্ষকগণের সম্মানী/পারিশ্রমিক বিল Software এর মাধ্যমে প্রস্তুত করে Online-এ সরাসরি সংশ্লিষ্ট শিক্ষকগণের ব্যাংক হিসাব নম্বরে পরিশোধ করা হচ্ছে। Software-এ বিল পরিশোধের প্রক্রিয়া চালু হওয়ার এক বছরের মধ্যে পূর্বের গতানুগতিক/ম্যানুয়াল পদ্ধতির আওতাভুক্ত সমস্ত বিল পরিশোধ করার আন্তরিক প্রচেষ্টা থাকলেও শিক্ষকগণ তাঁদের সম্মানী/পারিশ্রমিক বিল যথাসময়ে দাখিল না করায় বাস্তবে তা সম্ভব হয়নি। বিষয়টি কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হওয়ায় গতানুগতিক/ম্যানুয়াল পদ্ধতির আওতাভুক্ত অপরিশোধিত (শিক্ষকগণের সম্মানী/পারিশ্রমিক) বিলসমূহ পরিশোধের লক্ষ্য নিয়ে ক্রাশ প্রোগ্রাম গ্রহণ করা হয়েছে যা আগামী ১৫/০৬/২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত চলমান থাকবে। সঙ্গতকারণে যে সকল শিক্ষকগণ অত্র বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকে Software-এর মাধ্যমে Online-এ বিল পরিশোধের প্রক্রিয়া চালু হওয়ার পূর্ব সময়ে বিভিন্ন পরীক্ষার কাজের সাথে সম্পৃক্ত থেকেও সম্মানী/পারিশ্রমিক/টিএ-ডিএ বিল এখনও দাখিল করেননি সে সকল শিক্ষকগণকে ক্রাশ প্রোগ্রাম চলাকালীন সময়ের মধ্যে তাঁদের সম্মানী/পারিশ্রমিক/টিএ-ডিএ বিল জাতীয় বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব দপ্তরে জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, ক্রাশ প্রোগ্রাম শেষ হওয়ার পর সম্মানী/পারিশ্রমিক ও টিএ-ডিএ সংক্রান্ত আর কোনো গতানুগতিক/ম্যানুয়াল/পুরনো বিল পরিশোধ করা হবে না - মর্মে সংশ্লিষ্ট শিক্ষকগণের দৃষ্টি আকর্ষণ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(মোঃ সাজেদুল হক)
পরিচালক (চলতি দায়িত্ব)
অর্থ ও হিসাব দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং : জাতীঃ বিঃ/হি-৬(২১)/২০০২/৭৭৫ (৬)

তারিখ : ০৯/০৩/২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়
(ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশনা মোতাবেক বিজ্ঞপ্তিট ইমেইল এর মাধ্যমে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল অধিভুক্ত কলেজে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।)
- ৪। পরিচালক
তথ্য প্রযুক্তি (আইসিটি দপ্তর)
জাতীয় বিশ্ববিদ্যালয়
{ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশনা মোতাবেক বিজ্ঞপ্তিট অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd)-এ প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।}
- ৫। পরিচালক, বরিশাল/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৯। অফিস কপি
- ১০। মাস্টার কপি।

(মোঃ রফিকুল ইসলাম)
উপ-পরিচালক (অর্থ ও হিসাব)
জাতীয় বিশ্ববিদ্যালয়।